

স্মারক নং- ৩৩.০১.৬৪৪৭.০০০.১১.০১০.২১-১৭০৭

তারিখ: ০২ অগ্রহায়ন, ১৪২৮ বঙ্গাব্দ।
১৭ নভেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ।

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্তকরণ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প” এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগীতা এবং খামারীদের ঘাস চাষে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য মান্দা উপজেলায় ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, বয়স, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা (যদি থাকে) তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ০৯/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে দরখাস্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র সহ জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ডিপিপির সংস্থান মোতাবেক ভাতা/পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসেবে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
- মান্দা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- আবেদনকারীর বয়স ১৪/১১/২০২১ খ্রি. তারিখে ২০-৪০ বছর হতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি বা সমমান পাশ হতে হবে। বাংলা এবং ইংরেজী পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
- নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আগ্রহী হতে হবে এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরকে সম্প্রসারণ এজেন্ট হিসেবে সহযোগীতা প্রদানে আগ্রহী হতে হবে।
- উপজেলা প্রশাসন এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনে উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
- কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্ব প্রদানের গুণাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত হতে হবে।
- প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
- অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
- কম্পিউটার এমএস অফিস (স্প্রেডশীট, প্রেজেন্টেশন) এবং ইন্টারনেট ব্রাউজিংয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
- প্রাণিসম্পদ অধিদপ্তর (ডিএলএস) বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণপ্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
- আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তি কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসেবে অযোগ্য বলে বিবেচিত হবে।
- অধিদপ্তরাদীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধাভোগীকে এ প্রকল্পের আওতায় সুফলভোগী হিসেবে নির্বাচন করা যাবেনা।
- ছাত্র-ছাত্রী বা অন্য কোন প্রতিষ্ঠানে কর্মরতদের আবেদন করার প্রয়োজন নেই।


(ডা. অভিমান্য চন্দ্র)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার
এবং সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি, মান্দা, নওগাঁ।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো

- ১। উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ।
- ২। উপজেলা কৃষি অফিসার, মান্দা, নওগাঁ।
- ৩। নোটিশ বোর্ড (বিজ্ঞপ্তি উপজেলা প্রাণিসম্পদ অফিস, মান্দা, নওগাঁ এর ওয়েব সাইট, www.dls.manda.naogaon.gov.bd তে পাওয়া যাবে)।

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

- ০১। জেলা প্রাণিসম্পদ অফিসার, নওগাঁ।
- ০২। প্রকল্প পরিচালক, “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প”।
- ০৩। অফিস কপি।